

০৫

কলেজে কম্পিউটার

এ বছরই দেশের একশ' ছাপান্নটি সরকারী কলেজে কম্পিউটার প্রযুক্তি চালু হতে যাচ্ছে। এ উদ্দেশ্যে পর্যায়ক্রমে তিন শ' বারোজন শিক্ষকের তিন মাসব্যাপী প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। এ মাস থেকেই বগুড়ায় জাতীয় বহুভাষী সীটলিপি প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রে এ প্রশিক্ষণ শুরু হবে। আমরা এ খবরে উৎসাহিত বোধ করছি। কেননা উন্নত প্রযুক্তির এ যুগে কম্পিউটারের সাহায্য গ্রহণ ব্যতিরেকে প্রশাসন ও শিক্ষা কার্যক্রমকে যুগোপযোগী করে তোলা অসম্ভব। সময়ের সঙ্গে সঙ্গতি রাখতে হলে বিদ্যালয় পর্যায়েও কম্পিউটারের প্রসার ঘটতে হবে।

অরুণীয় যে, উন্নত বিশ্বের সর্বত্র এখন বিদ্যালয় পর্যায়েই কম্পিউটার শিক্ষা চালু হয়ে গেছে। সঙ্গতির সীমাবদ্ধতা আর প্রযুক্তিগত পচাৎপদতার জন্যে এ মুহূর্তেই ইয়ত বিদ্যালয় পর্যায়ে কম্পিউটার শিক্ষা চালু করা সম্ভব নয়। তবে, একটু যত্নশীল হলে কলেজ পর্যায়ে অতি প্রয়োজনীয় এ শিক্ষা চালু করা কঠিন হওয়ার কথা নয়। প্রথম পর্যায়ে সরকারী কলেজে কম্পিউটার প্রবেশ করলে বেসরকারী কলেজে পৌছাতেও খুব দেরী হওয়ার কথা নয়। উন্নত প্রযুক্তির দ্রুত সংক্রমণ ক্ষমতা এবং চাহিদাই তার পথ তৈরি করে দেবে। প্রয়োজন প্রথম উদ্যোগকে কার্যকর করে তোলা।

সরকারী কলেজে কম্পিউটার প্রযুক্তি সংক্রান্ত খবরে এর ব্যবহারের দিকটি স্পষ্ট নয়। আলোচ্য কলেজগুলোতে কম্পিউটারের ব্যবহার কেবল প্রশাসনিক কাজেই সীমাবদ্ধ থাকবে, না কি এর দ্বারা শিক্ষার্থীদেরও প্রশিক্ষণের সুযোগ দেয়া হবে, এ বিষয়টি পরিষ্কার করে কিছুই বলা হয়নি। আমরা আশা করবো, এতে ছাত্রদের শেখারও ব্যবস্থা রাখা হবে। কম্পিউটারের বহুমুখী ব্যবহার নিশ্চিত করা হলেই কেবল আমরা এ জাতীয় প্রকল্প থেকে পূর্ণ ফায়দা পেতে পারি। কম্পিউটারের সঙ্গে শিক্ষার্থীদের পরিচয় ঘটলে উচ্চতর শিক্ষার ক্ষেত্রেও তা সাহায্য করবে।

বিদেশী বিশ্ববিদ্যালয়গুলি কম্পিউটার প্রযুক্তি প্রচলনের ব্যাপারে আমাদের সাহায্য-সহযোগিতা দিতে আগ্রহী। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কি এ ব্যাপারে উদ্যোগী হবেন?

এ প্রসঙ্গে আরো একটি কথা বলা বিশেষ জরুরী বোধ করছি। এরই মাঝে শহর ও গ্রামের শিক্ষা ব্যবস্থায় এক দূস্তর ব্যবধান তৈরি হয়ে গেছে। গ্রাম বা মফস্বল এলাকার শিক্ষার্থীরা ক্রমেই পিছিয়ে পড়ছে। এই পচাৎপদতার কারণ অবশ্য এমন নয় যে গ্রামের শিক্ষার্থীরা মেধায় খাটো। আদত কারণ হচ্ছে আমরা গ্রামে উন্নত শিক্ষার চাহিদা মেটাতে পারছি না। সুযোগের সীমাবদ্ধতাই তাদের পেছন টানছে। কম্পিউটার শিক্ষার প্রবর্তন যাতে এ পার্থক্যকে আরো প্রসারিত করার সুযোগ না পায় সে দিকে নজর রাখতে হবে।